ঋণ মকুবের দাবি

গয়েরকাটা, ১১ জানুয়ারি ঃ বৃহস্পতিবার ধূপগুড়ি ব্লকের শালবাড়ি-১ গ্রাম পঞ্চায়েতের উত্তর শালবাড়ি এলাকায় সারা ভারত কৃষক সভার একটি সভা অনুষ্ঠিত হয়। এই সভায় উপস্থিত ছিলেন সংগঠনের ধূপগুড়ি থানা কমিটির সদস্য মুকুলেশ রায়সরকার, স্থানীয় নেতা হরকাবাহাদুর ছেত্রী প্রমুখ। এই সভায় প্রায় ২৫০ জন কর্মী এবং সমর্থক উপস্থিত ছিলেন। সভা থেকে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের কাছে কৃষিঋণ মকুব, কৃষিজ পণ্যের ন্যায্যমূল্য, এফআরবি বিল বাতিল এবং রাজ্যজুড়ে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার দাবি জানানো হয়।

প্রয়াত নেতা

খড়িবাড়ি, ১১ জানুয়ারি ঃ মারা গেলেন বিন্নাবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান তথা সিপিএমের খড়িবাড়ি জোনাল কমিটির সদস্য কেরানি বর্মন। হৃদরোগে আক্রান্ত হয়ে বৃহস্পতিবার শিলিগুড়ির একটি নার্সিংহোমে মারা যান। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। এদিন সকালে কেরানিবাবুর মৃতদেহ তাঁর খড়িবাড়ি ভেস্কুজোতের বাড়িতে নিয়ে এলে এলাকায় শোকের ছায়া নেমে আসে।

এদিন তাঁকে শেষশ্রদ্ধা জানান শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি তাপস সরকার, খড়িবাড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি বাদল সরকার সহ বিভিন্ন বামপন্থী নেতারা। সভাধিপতি তাপস সরকার বলেন, কেরানিবাবু আমৃত্যু বামপন্থী রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। তাঁর মৃত্যুতে দলের বড়ো ক্ষতি হল।

উৎসব নিয়ে সভা

নকশালবাড়ি, ১১ জানুয়ারি ঃ ব্লক ছাত্র-যুব উৎসব নিয়ে বৃহস্পতিবার হাতিঘিসা গ্রাম পঞ্চায়েত দপ্তরে সভা হল। নকশালবাড়ি ব্লক ছাত্র-যুব উৎসব অনুষ্ঠিত হবে হাতিঘিসা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ১৯ জানুয়ারি। জেলাস্তরের উৎসব হবে ২৫ জানুয়ারি এবং রাজ্য পর্যায়ের উৎসব হবে ৩০ জানুয়ারি।

কাঠ উদ্ধার

করণদিঘি, ১১ জানুয়ারি ঃ বৃহস্পতিবার করণদিঘির আলতাপুর ২ নম্বর অঞ্চলের বোতলবাড়িতে ৩৪ নম্বর জাতীয় সড়কে একটি অবৈধ কাঠ বোঝাই পিকআপ ভ্যান আটক করেছে বনবিভাগ। করণদিঘি বন দপ্তরের আধিকারিক রঞ্জন কুণ্ডু জানান, গাড়িটি হেমতাবাদ এলাকার। প্রায় ৩ লক্ষাধিক টাকার কাঠ পাওয়া গেছে তা থেকে। শিশু, শিমুল ইত্যাদি নানা ধরনের কাঠ ছিল গাড়িতে। রায়গঞ্জ বন দপ্তরে লরিটি রাখা হয়েছে।

প্ল্যাটিনাম জুবিলি

নকশালবাড়ি, ১১ জানুয়ারি ঃ নকশালবাড়ি নন্দপ্রসাদ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্ল্যাটিনাম জুবিলির সমাপ্তি অনুষ্ঠানকে ঘিরে জোর প্রস্তুতি শুরু হয়েছে। মূল অনুষ্ঠান ১৯ জানুয়ারি ২০১৭ শুরু হয়েছিল। বর্ষব্যাপী অনুষ্ঠানের দুদিনব্যাপী সমাপ্তি দিবসের অনুষ্ঠান বিভিন্ন কার্যক্রমের মধ্য দিয়ে উদ্‌যাপিত হবে।

শেয়ার বাজার দর

১১ জানুয়ারি ২০১৮ ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ বন্ধের সময় দর ছিল নিম্নরূপ ঃ-

শেয়ার বাজার সূচক

বিএসই সেনসেক্স ৩৪,৫০৩.৪৯ ৭০.৪২ (+০.২%)

নিফটি ১০,৬৫১.২০ ১৯.০০ (+০.১৮%)

আদানি পোর্টস	৪২৫.৫০
অম্বুজা সিমেন্টস	২৭১.৭৫
এশিয়ান পেইন্টস্	১,১৮৮.৯৫
অরবিন্দ ফার্মা	৬৭৪.৫৫
অ্যাক্সিস ব্যাংক	৫৫৮.৭৫
বাজাজ অটো	৩,১৯৩.৪০
বাজাজ ফাইনান্স	১,৭৮০.৩৫
ভারতী এয়ারটেল	৫১৪.৭৫
ভারতী ইনফ্রাটেল	৩৬৭.৭৫
বস্	১৯,৯৫৪.৭০
বিপিসিএল	৪৯২.৪০
সিপলা	৬১২.৩৫
কোল ইন্ডিয়া	৩০৮.১০
ডাঃ রেড্ডিজ ল্যাবস	২,৪২৫.৩৫
আইশার মোটরস	২৮,৪৪৪.৭০
গেইল	৪৯৫.৫০
এইচসিএল টেক	৯১৬.৯০
এইচডিএফসি	১,৭৪১.৩৫
এইচডিএফসি ব্যাংক	১,৮৭২.৫৫
হিরো মোটোকর্প	৩,৭০৫.৬৫
হিন্দালকো	২৬৭.৭৫
এইচপিসিএল	৪২০.৯৫
হাল	১,৩৭৮.৬৫
আইসিআইসিআই ব্যাংক	৩০৯.৫০
ইন্ডিয়াবুলস হাউসিং	১,২২৮.৬৫
ইন্ডাসইন্ড ব্যাংক	১,৭০০.৩০
ইনফোসিস	১,০৭৫.৮০
আইওসি	৩৮৮.৯০
আইটিসি	২৬৯.৮০
কোটাক মাহিন্দ্রা	১,০১৭.৬৫
লারসেন	১,৩২৩.৫৫
লুপিন	৯২৯.২০
এম অ্যান্ড এম	৭৬৬.৬৫
মারুতি সুজিকি	৯,৩৩৯.৮০
এনটিপিসি	১৭৩.৫০
ওএনজিসি	১৯৭.৯০
পাওয়ার গ্রিড কর্পোরেশন	১৯৭.৮৫
রিলায়েন্স	৯৩৭.৭৫
এসবিআই	৩০২.২০
সান ফার্মা	৫৮৭.৯৫
টাটা মোটরস	৪৩৪.৭৫
টাটা পাওয়ার	৯৯.৫৫
টাটা স্টিল	৭৭০.৯৫
টিসিএস	২,৭৯০.৫০
টেক মহিন্দ্রা	৫৫১.৭০
আলট্রাটেক সিমেন্ট	৪,৪০৬.১০
ইউপিএল	৭৮৬.২০
বেদান্ত	৩৩৩.৯০
উইপ্রো	৩২১.১০
ইয়েস ব্যাংক	৩৪৩.১৫
জি এন্টারটেইন	৫৮০.০০

ডাটা প্রোফাইলে রায়গঞ্জে চাঞ্চল্যকর তথ্য

এইট পাস শিক্ষক নিচ্ছেন উচ্চমাধ্যমিকের ক্লাস

বিশ্বজিৎ সরকার ● রায়গঞ্জ

১১ জানুয়ারি ঃ ভার্মি কম্পোস্ট অর্থাৎ কেঁচোসার নিয়ে ৬ মাসের ভোকেশনাল কোর্সের ছাত্র ছিলেন সুভাষচন্দ্র সরকার। তিনি অষ্টম শ্রেণি পাস করে দিব্যি শিক্ষকতা করছেন। নিজের ডিগ্রি গোপন রেখে হাজিরা খাতায় সই করার পাশাপাশি বছরের পর বছর শিক্ষকতা করে বেতনও তুলছেন। এমন ঘটনার কথা প্রকাশ্যে আসতেই বিস্মিত রায়গঞ্জ পলিটেকনিকের সিনিয়র লেকচারার তথা ভোকেশনালের ফিল্ড অফিসার বিধানচন্দ্র দাস। কালিয়াগঞ্জ রাধিকাপুর হাইস্কুলের এই 'কীর্তিমান' শিক্ষক সুভাষচন্দ্র সরকারের বাড়ি কালিয়াগঞ্জ শহরেই। ২০০৬ সালে শিক্ষক পদে চাকরির নিয়োগপত্র পাওয়ার পর থেকেই ওই স্কুলে শিক্ষকতা করছেন তিনি। এই ঘটনা নজরে আসার পর স্কুল কর্তৃপক্ষ সবকিছু স্বীকার করে নিয়েছে। স্কুলের প্রধান শিক্ষক মিঠুন রায়ের সাফাই, 'আমি ২০১২ সালে প্রধান শিক্ষক হিসাবে কাজে যোগ দিয়েছি। তার আগে ওই শিক্ষককে নিয়োগ করা হয়েছে। কারা নিয়োগ করল, কীভাবে করল, আমি বলতে পারব না।' সম্প্রতি রাজ্য কারিগরি শিক্ষা দপ্তরের নির্দেশে তথ্যপঞ্জি খতিয়ে দেখার কাজ শুরু করেন রায়গঞ্জ পলিটেকনিকের অধ্যক্ষ তথা নোডাল অফিসার শুভদীপ চৌধুরি। সেই মোতাবেক উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার বিভিন্ন হাইস্কুলে বৃত্তিমূলক শিক্ষাপ্রতিষ্ঠানের চুক্তিভিত্তিক শিক্ষক ও ইনস্ট্রাক্টরদের প্রোফাইল ডাটা জমা নেওয়া হয়। সেখানেই উঠে এসেছে একের পর এক চাঞ্চল্যকর তথ্য। পাওয়া যায় ৩০০ জন শিক্ষকের ভুয়ো প্রোফাইল ডাটা। যেখানে একজন চুক্তিভিত্তিক কম্পিউটারের শিক্ষককে বিসিএ বা এমসিএ পাস সার্টিফিকেট জমা দিতে হবে, সেখানে তাঁদের অনেকেই জমা দিয়েছেন ডিপ্লোমা অথবা পিজিডিসিএর সার্টিফিকেট। আবার অনেকে বিসিএ বা এমসিএ সার্টিফিকেট জমা দিলেও যে বিশ্ববিদ্যালয় থেকে পাস করেছেন বলে তথ্য জমা দিয়েছেন, আদতে সেই বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব নেই অথবা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদন নেই। আবার অনেক শিক্ষক কলা বিভাগের স্নাতক হয়ে বৃত্তিমূলক শিক্ষাপ্রতিষ্ঠানে উচ্চমাধ্যমিকের অঙ্ক, রসায়ন বা পদার্থবিদ্যার ক্লাস নিচ্ছেন।

এ প্রসঙ্গে রায়গঞ্জ পলিটেকনিকের সিনিয়র লেকচারার তথা কারিগরি শিক্ষা বিভাগের ফিল্ড অফিসার বিধানচন্দ্র দাস বলেন, 'দক্ষিণ দিনাজপুর জেলায় ৭৪টি এবং উত্তর দিনাজপুর জেলায় ৬৪টি বৃত্তিমূলক শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। মোট ১৩৮টি শিক্ষাপ্রতিষ্ঠান রায়গঞ্জ পলিটেকনিকের অধীনে। সংশ্লিষ্ট কলেজেই রয়েছেন নোডাল অফিস। অধিকাংশ স্কুলের শিক্ষকদের প্রোফাইল ডাটা আপলোড করা হয়েছে কম্পিউটারে। সোমবার রাজ্য কারিগরি শিক্ষা দপ্তরে সেসব পাঠিয়ে দেব।'

রায়গঞ্জ পলিটেকনিকের অধ্যক্ষ তথা নোডাল অফিসার শুভদীপ চৌধুরি বলেন, ভুয়ো শিক্ষকদের বিরুদ্ধে আমরা কোনো পদক্ষেপ নিতে পারব না। আমরা সমস্ত প্রোফাইল ডাটা পাঠিয়ে দেব রাজ্য কারিগরি শিক্ষা দপ্তরে। যা ব্যবস্থা নেওয়ার নেবেন ডাইরেক্টর ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা।

রায়গঞ্জ পলিটেকনিক সূত্রে জানা গিয়েছে, চুক্তিভিত্তিক শিক্ষকরা মাসিক বেতন পান ৯০০০ টাকা। ইনস্ট্রাক্টররা পান ৭০০০ টাকা এবং প্রতি বিষয়ের আংশিক সময়ের শিক্ষকরা পান ১৬০ টাকা প্রতি ক্লাস। নাম প্রকাশে অনিচ্ছুক রায়গঞ্জ পলিটেকনিকের এক কর্তা বলেন, 'সম্প্রতি ডেপুটি সেক্রেটারি এল বসু যে নির্দেশিকা পাঠিয়েছেন, অধিকাংশ বৃত্তিমূলক শিক্ষকের যোগ্যতা সেই অনুযায়ী নেই। ফলে তাঁদের চাকরি চলে যাওয়া একপ্রকার নিশ্চিত।'

ফের বিদ্যুৎ বিচ্ছিন্ন আইটিআই

ময়নাগুড়ি, ১১ জানুয়ারি ঃ বৃহস্পতিবার দুপুরে ফের ময়নাগুড়ি আইটিআইয়ের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করল বিদ্যুৎ বণ্টন কোম্পানি কর্তৃপক্ষ। জানা গিয়েছে, ওই আইটিআইয়ের একমাসের বিদ্যুৎ বিলের টাকা বাকি রয়েছে। এদিন দুপুরে ক্লাস চলাকালীন হঠাৎই গোটা শিক্ষাপ্রতিষ্ঠানটি বিদ্যুৎবিহীন হয়ে পড়ে। পড়ুয়ারা বাইরে বেরিয়ে দেখেন, বিদ্যুৎকর্মীরা আইটিআইয়ের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করেছেন। বিদ্যুৎ বণ্টন কোম্পানির জলপাইগুড়ির রিজিওনাল অফিসার কল্যাণকুমার মাইতি অবশ্য এবিষয়ে কোনো মন্তব্য করতে চাননি। ২০১৬ সালের ২১ আগস্ট ময়নাগুড়ির পেটকাটি গ্রামে এই আইটিআই চালু হয়েছিল। এখানে ফিটার, ওয়েল্ডার ও সার্ভেয়ার- এই তিনটি ট্রেডে ১৩০ জন পড়ুয়া রয়েছেন। পড়ুয়াদের নব্বই শতাংশই বাইরে থেকে এখানে আসেন। বিদ্যুৎ বিলের টাকা বাকি থাকায় গতবছরের নভেম্বর মাসে টানা পনেরো দিন এই শিক্ষাপ্রতিষ্ঠানটি বিদ্যুৎ বিচ্ছিন্ন ছিল। বিদ্যুৎ না থাকায় ওই সময় পঠনপাঠনও বন্ধ ছিল। এবার ফের বিদ্যুৎ বিচ্ছিন্ন হওয়ায় ক্ষুব্ধ পড়ুয়ারা। ফিটার ট্রেডের দ্বিতীয় বর্ষের পড়ুয়া বাপন ঘোষ বলেন, 'টাকা বকেয়া থাকায় মাঝেমধ্যেই এধরনের ঘটনা ঘটছে। ফলে আমাদের পড়াশোনার ক্ষতি হচ্ছে।' পড়ুয়া অমর রায় ও পাপ্পু রায় অভিযোগ করেন, কর্তৃপক্ষের খামখেয়ালিপনাতেই বারবার এধরনের ঘটনা ঘটছে। দু-একদিনের মধ্যে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা না হলে তাঁরা আন্দোলন শুরু করবেন বলে পড়ুয়ারা জানান।

ময়নাগুড়ি আইটিআইয়ের সহকারী অধ্যক্ষ দীপ্তদীপ মাইতি বিদ্যুৎ বিল বাকি থাকার কথা স্বীকার করে নিয়েছেন। তিনি বলেন, 'গত একমাসের বিলের টাকা বকেয়া রয়েছে। সম্ভবত সেই কারণে বিদ্যুৎ বণ্টন কোম্পানি সংযোগ বিচ্ছিন্ন করেছে। তবে আমরা দু-একদিনের মধ্যেই বকেয়া টাকা পরিশোধ করব।'

বিষক্রিয়ায় মৃত্যু নাবালিকার

ফাঁসিদেওয়া, ১১ জানুয়ারি ঃ বিষক্রিয়ার জেরে এক নাবালিকার মৃত্যু হয়েছে। মৃত নাবালিকার নাম সহিমা খাতুন। বাড়ি জালাস নিজামতারা গ্রাম পঞ্চায়েতের হাতিরামজোত এলাকায়। তার পরিবার সূত্রে জানা গিয়েছে, কিছুদিন আগে ঘুমোনোর আগে বিষপান করে ওই নাবালিকা। ওইদিন ব্যাপারটি কেউ টের না পেলেও পরের দিন সকালে সে বমি করলে বাড়ির লোকরা বিষপানের বিষয়টি জানতে পারে। গত কয়েকদিন ধরে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে তার চিকিৎসা চললেও মঙ্গলবার তার মৃত্যু হয়। বুধবার তাকে কবর দেওয়া হয়। ওই পরিবার খুব গরিব। তবে অভাব-অনটনের জেরেই ওই নাবালিকা আত্মঘাতী হয়েছে নাকি অন্য কারণ রয়েছে তা স্পষ্ট নয়। হাতিরামজোতের প্রাক্তন পঞ্চায়েত সদস্য মহম্মদ মজনু বলেন, ওই পরিবার খুব গরিব। একদিন কাজ না করলে বাড়িতে অন্নের সংস্থান হয় না। অভাবের জেরেই সে বিষপান করেছিল কিনা তা বলা মুশকিল। পরিবারটির আর্থিক অবস্থা এতটাই খারাপ যে মৃত্যুপরবর্তী বিভিন্ন কাজের জন্য খরচ করারও সামর্থ্য ছিল না। আমি কিছুটা সাহায্য করেছি। প্রশাসন যদি পরিবারটির পাশে দাঁড়ায় তাহলে পরিবারটি ভীষণ উপকৃত হবে।

প্রকৃতিপাঠ শিবির

নাগরাকাটা, ১১ জানুয়ারি ঃ বৃহস্পতিবার থেকে নাগরাকাটার খেরকাটা গ্রামে পরিবেশপ্রেমী সংগঠন 'আরণ্যক'-এর ১৩তম বর্ষের প্রকৃতিপাঠ শিবির শুরু হল। এবারও জলপাইগুড়ি জেলার বিভিন্ন স্কুলের পড়ুয়ারা ওই শিবিরে অংশ নিয়েছে। পরিবেশ ভাবনার বিকাশে স্কুলের পড়ুয়াদের এগিয়ে আসার বার্তা দিয়ে শিবিরের উদ্‌বোধন করেন এভারেস্টজয়ী বাঙালি পর্বতারোহী উজ্জ্বল রায়।

আয়োজক সংস্থা সূত্রে খবর, ৮০জন ছাত্রছাত্রী এবারের প্রকৃতিপাঠের আসরে অংশ নিয়েছে। তাদের পাঁচটি দলে ভাগ করে শিবিরের কর্মকাণ্ড শুরু হয়েছে। আগামী ১৪ তারিখ পর্যন্ত অংশগ্রহণকারী প্রত্যেককে রিভার ক্রসিং, ট্রেকিং, ফায়ার মেকিং প্রভৃতি শেখানোর পাশাপাশি নানা ধরনের গাছপালা ও প্রজাপতি চেনানো হবে। সাপের ওপর একটি বিশেষ কর্মশালা আয়োজনের প্রস্তুতিও নেওয়া হয়েছে। এছাড়া বিপদে পড়লে খালি হাতেই বা প্রাকৃতিক বস্তুর সাহায্যে কীভাবে আত্মরক্ষা করা যেতে পারে, হাতেকলমে তাও শেখানো হবে। আরণ্যকের সম্পাদক বিনায়ক বসু বলেন, 'পড়ুয়াদের মধ্যে পরিবেশ সংরক্ষণের ভাবনা বিকাশের জন্য আমরা গত ১৩ বছর ধরে কেবল তাদের নিয়েই এরকম শিবিরের আয়োজন করে আসছি।' ওই শিবির আয়োজনের জন্য নানা ধরনের সরঞ্জাম দিয়ে সাহায্য করেছেন বিন্নাগুড়ি সেনাছাউনির জওয়ানরা।

কুপিয়ে খুন স্ত্রীকে

রতুয়া, ১১ জানুয়ারি ঃ স্ত্রীকে ধারালো হাঁসুয়া দিয়ে কুপিয়ে খুন করার পর ছেলেকে হাঁসুয়ার কোপ মেরে ফেরার হল বাবা। পারিবারিক অশান্তির জেরেই এই খুন বলে আশঙ্কা পুলিশের। বৃহস্পতিবার ভোরে রতুয়া থানার জগদ্‌বন্ধুটোলায় ঘটনাটি ঘটেছে। এই ঘটনা ঘিরে বৃহস্পতিবার সকাল থেকেই রতুয়ার ফুলহর নদী সংলগ্ন গোটা দিয়ারা এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। পুলিশ জানিয়েছে মৃত গৃহবধূর নাম রেণু মণ্ডল (৫৫)। আহত যুবক উত্তম মণ্ডলকে (২১) চিকিৎসার জন্য রতুয়া ব্লক স্বাস্থ্যকেন্দ্রে ভরতি করা হয়েছে। তাঁর মাথায় চোট রয়েছে। ঘটনার পর থেকেই অভিযুক্ত সাধুচরণ মণ্ডল এলাকা ছেড়ে পালিয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে রতুয়া থানার পুলিশ। এদিন মৃতদেহটিকে উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। কী কারণে খুন, তা খতিয়ে দেখছে পুলিশ। অভিযুক্ত সাধুচরণকে ও খুনে ব্যবহৃত অস্ত্রের খোঁজে তল্লাশি জারি রেখেছে রতুয়া থানার পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সাধুচরণ মণ্ডল এলাকায় ক্ষুদ্র চাষি হিসাবে পরিচিত। স্ত্রী ও একমাত্র ছেলেকে নিয়ে খেতমজুরি করে ৩ সদস্যের সংসার কোনোরকমে চলত। নিজের সামান্য জমি চাষ করে তাদের সংসার ঠিকমতো চলত না। তারমধ্যে ছেলের পড়াশোনার খরচ জোগাড় করতে হিমসিম খেতে হত তাকে। একমাত্র ছেলে উত্তম মণ্ডল সামসী কলেজের বিএ দ্বিতীয় বর্ষের ছাত্র। স্বল্প আয়ের সংসারে মাঝেমধ্যেই স্ত্রী-পুত্রের সঙ্গে ঝগড়া লেগে থাকত সাধুচরণের। এর ফলে কিছুদিন ধরে সাধুচরণ মানসিক অবসাদেও ভুগছিল। ষাটোর্ধ্ব সাধুচরণ মণ্ডল দিয়ারা এলাকায় খেতমজুরি করে রোজগার না হওয়ায় অন্যত্র চলে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিল। তার জন্য হরিশ্চন্দ্রপুর এলাকায় একটি বাস্তুভিটাও কিনে রেখেছিল সে। কিন্তু সেখানে চলে যেতে নারাজ ছিলেন স্ত্রী রেণুদেবী। এই ঘটনাকে নিয়ে স্ত্রী ও পুত্রের সঙ্গে বেশ কয়েকবার সাধুচরণের বচসাও হয়। আহত উত্তম মণ্ডল বলেন, 'বাবা বেশ কিছুদিন ধরে মানসিক অবসাদে ভুগছিলেন। কথায় কথায় রেগে যেতেন। বুধবার রাতে খাওয়াদাওয়া সেরে আমরা শুয়ে পড়ি। বৃহস্পতিবার ভোরে মা বাথরুম করতে বাড়ির পাশে একটি বাঁশঝাড়ে যান। বাবা সেই সময় হাঁসুয়া দিয়ে মাকে খুন করে। তারপরে আমার ঘরে ঢুকে আমার ওপর হাঁসুয়ার কোপ মারে। আমি তখন লেপমুড়ি দিয়ে শুয়েছিলাম। হঠাৎ আমার মাথার বামদিকে হাঁসুয়ার কোপ লাগায় আমি যন্ত্রণায় ধড়ফড়িয়ে উঠি পড়ি। আমার চিৎকার চ্যাঁচামেচিতে বাবা ধারালো হাঁসুয়া নিয়ে পালিয়ে যায়। আশেপাশের লোকজন আমার চিৎকার শুনে বাড়িতে ছুটে আসে। আমার তখন মাথা দিয়ে রক্ত ঝড়ছে। মায়ের মৃতদেহ উদ্ধার করে রতুয়া থানায় নিয়ে যাওয়া হয়। আমাকে চিকিৎসার জন্য রতুয়া ব্লক স্বাস্থ্যকেন্দ্রে ভরতি করা হয়। পুলিশ জানিয়েছে, জগদ্‌বন্ধুটোলা গ্রামে বৃহস্পতিবার স্ত্রীকে কুপিয়ে খুন ও ছেলেকেও হাঁসুয়ার কোপের ঘটনার তদন্ত শুরু হয়েছে। মৃতার দেহটি ঘটনাস্থল থেকে উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। অভিযুক্ত পলাতক। অভিযুক্তের সঙ্গে খুনে ব্যবহৃত ধারালো অস্ত্রটির খোঁজে তল্লাশি চলছে।